



২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নার্থে নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	এ.এইচ.এম. কামরুজ্জামান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
সভার তারিখ	:	২৬/০৪/২০২২ খ্রি.
সভার সময়	:	বেলা ১১.৪০ ঘটিকা
সভার স্থান	:	প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালকের অফিস কক্ষ
সদস্যদের উপস্থিতি	:	পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সদস্য-সচিব ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির সর্বশেষ সভার আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা/ পরিবীক্ষণ	সভাপতি সভায় নৈতিকতা কমিটির ১ম, ২য়, ও ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি জানানোর আগ্রহ ব্যক্ত করেন। উক্ত বিষয়ে সদস্য সচিব সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের কাজ প্রায় ৮৫% ভাগ অর্জিত হয়েছে। জনবল সংকটের কারণে ১.৫ নং সূচকের 'কর্ম-পরিবেশ উন্নয়ন'-এর লক্ষ্যমাত্রা ছাড়া অধিকাংশ সূচকেই অর্জন প্রত্যাশার অনুরূপ হবে বলে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।	২০২১-২২ অর্থবছরের বাকি সময়টুকুতে লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে নিরলসভাবে কাজ করতে হবে।	নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ
০২	অংশীজনের প্রত্যাশা পূরণের প্রসঙ্গ	সভাপতি স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণের প্রসঙ্গ টেনে সভায় বলেন যে, স্টেকহোল্ডারগণ যেকোন প্রতিষ্ঠানের প্রাণ। তাই তাঁদের প্রত্যাশা পূরণে আমাদেরকে অধিক গুরুত্ব দিতে হবে। এ বিষয়ে সদস্যসচিব মে, ২০২২ মাসে অংশীজনের অংশগ্রহণে ২য় সভায় তাঁদের ব্যাপক অংশগ্রহণের বিষয়টি নিশ্চিতকরণের উপর গুরুত্বারোপ করেন।	মে, ২০২২ মাসে আয়োজিতব্য অংশীজনদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	নৈতিকতা কমিটি
০৩	নৈতিকতা কমিটির সদস্যদের ধন্যবাদজ্ঞাপন	২০২১-২২ অর্থবছরের এটি নৈতিকতা কমিটির শেষ সভা হওয়ায় সভাপতি উপস্থিত সদস্যগণকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য নৈতিকতা কমিটির প্রতিটি সদস্যের প্রতি ধন্যবাদজ্ঞাপন করেন এবং আগামী অর্থবছরে সকলকে আরও দায়িত্বশীলতার সাথে কাজ করার আহ্বান জানান এবং এপিএ বিষয়ক সকল প্রমাণক যথাযথভাবে যথাসময়ে প্রেরণের আহ্বান জানান।	এপিএ বিষয়ক সকল প্রমাণক যথাযথভাবে যথাসময়ে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	নৈতিকতা কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৪/২০২২

(এ.এইচ.এম. কামরুজ্জামান)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
ফোন: ০২৪১-৩৬০২৫৩

স্মারক নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.০৫.০০৬.১৯.১৩/২৬৭(৭)

তারিখ: ২৬/০৪/২০২২ খ্রি.

বিতরণ:

- ১। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক, পরিসংখ্যান শাখা)।
- ২। সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার/টেকনিক্যাল এ্যাসিস্টেন্ট/প্রধান সহকারী/কেয়ারটেকার, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম।
- ৩। জনাব , চট্টগ্রাম।
- ৪। অফিস নথি।